কানাইঘাটে ক্যান্সার ও কিডনি সহ জটিল রোগে আক্রান্তের মধ্যে চেক বিতরণ

কানাইঘাট প্রতিনিধিঃ কানাইঘাট উপজেলা সমাজসেবা কার্যালয়ের উদ্যোগে কানাইঘাটের ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ এবং থ্যালাসিমিয়ায় আক্রান্ত রোগীদের মধ্যে আর্থিক সহায়তা কর্মসূচির আওতায় চেক বিতরণ করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিকেল সাড়ে ৩টায় উপজেলা সম্মেলন কক্ষে সুবিধাভোগীদের মধ্যে ৫০ হাজার টাকা করে চেক প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান আব্দুল মুমিন চৌধুরী। উপজেলা সমাজসেবা কর্মকর্তা মোঃ জিলানীর সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মাও. আব্দুল্লাহ শাকির, কানাইঘাট প্রেসক্লাবের সাধারণ সম্পাদক নিজাম উদ্দিন, উপজেলা প্রোগ্রাম অফিসার আবুল কালাম আজাদ। অসুস্থ ১২ জনের মধ্যে ৬ লক্ষ টাকা সরকারি সহায়তার চেক বিতরণকালে উপজেলা চেয়ারম্যান মুমিন চৌধুরী বলেন, বর্তমান সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনা হচ্ছেন মজলুম খেটে খাওয়া অসহায়দের একজন পরম বন্ধু। দেশের সকল দরিদ্র ও অসহায়, বয়স্ক, বিধবা, স্বামী পরিত্যাক্তা, পঙ্গুদের শতভাগ ভাতার আওতায় আনার পাশাপাশি সব ধরনের ভাতা বৃদ্ধি ও যারা কঠিন রোগে আক্রান্ত হয়ে চিকিৎসা করাতে পারছেন না তাদেরকে ৫০ হাজার টাকা করে নগদ সহায়তা কর্মসূচী সহ খেটে খাওয়া মানুষের কল্যাণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা দিনরাত কাজ করে যাচ্ছেন। যার কারনে দেশে দরিদ্রতার হার কমে যাচ্ছে এবং দেশ উন্নয়নের দিকে এগিয়ে যাচ্ছে। অনুষ্ঠান শেষে সুবিধাভোগীদের মধ্যে ৫০ হাজার টাকা করে চেক তুলে দেন অতিথিবৃন্দ।